



কর্মসংস্থান ব্যাংক

(রাষ্ট্র মালিকানাধীন একটি আর্থিক প্রতিষ্ঠান)

কর্মী ব্যবস্থাপনা, প্রশিক্ষণ ও মানবসম্পদ বিভাগ

পত্র সূত্র নং -কেবি/প্রকা/কব্যপ্রমাসবি-০৫(ব্য:ন:এজিএম-৩৪)/২০১৭-২০১৮/৪২২৪

তারিখ : ১৪.০৬.২০১৮

বহি:বাংলাদেশ অর্জিত ছুটি মঞ্জুরিপত্র

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের প্রশিক্ষণ ও শৃঙ্খলা অধিশাখার ১১.০৬.২০১৮ তারিখের পত্র সংখ্যা নং-৫৩.০০.০০০০. ২৩১.২৫.০৫০.১৮-৪২০ এর অনুমোদন মোতাবেক কর্মসংস্থান ব্যাংক, আঞ্চলিক কার্যালয়, ফরিদপুর এ কর্মরত আঞ্চলিক ব্যবস্থাপক জনাব মোঃ শহিদুল ইসলাম (সহকারী মহাব্যবস্থাপক, সাভত নং-০০৩৬)- কে পবিত্র হজ্জ পালনের জন্য সৌদি আরবে গমনের নিমিত্ত নিম্নবর্ণিত শর্তাবলি সাপেক্ষে ২৪.০৭.২০১৮ তারিখ অথবা ভ্রমণের তারিখ হতে ৪৫ (পয়তাল্লিশ) দিন (যাতায়াত সময়সহ) পূর্ণ গড় বেতনে বহি:বাংলাদেশ অর্জিত ছুটি মঞ্জুর করা হলো :

বহি: বাংলাদেশ অর্জিত ছুটির ক্ষেত্রে পালনীয় শর্তাবলি :


- এ ভ্রমণের যাবতীয় ব্যয় তিনি নিজস্ব উৎস হতে বহন করবেন। এতে বাংলাদেশ সরকার অথবা কর্মসংস্থান ব্যাংক-এর কোনো আর্থিক সংশ্লিষ্টতা থাকবে না ;
- তার অনুকূলে অনুমোদিত ভ্রমণকালকে বহি:বাংলাদেশ ছুটি হিসেবে গণ্য করা হবে ;
- সরকারের পূর্বানুমতি ব্যতীত তিনি অনুমোদিত মেয়াদের অতিরিক্ত সময় বিদেশে অবস্থান করতে পারবেন না ;
- এ অনুমোদন ১১.০৬.২০১৮ তারিখ হতে ০৩(তিন) মাস পর্যন্ত কার্যকর থাকবে ; এবং
- বিদেশে বহির্গমন ও দেশে প্রত্যাবর্তনের প্রমাণক হিসেবে পাসপোর্টের ফটোকপি যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে এ বিভাগে দাখিল করতে হবে।

০২। সংশ্লিষ্ট কর্মকর্তার ছুটিকালীন কর্মসংস্থান ব্যাংক, ফরিদপুর শাখা, ফরিদপুর এর সিনিয়র প্রিন্সিপাল অফিসার জনাব বিপ্লব মজুমদার (সাভত নং-০২৮৭) নিজ দায়িত্বের পাশাপাশি আর্থিক, প্রশাসনিক এবং ব্যবসায়িক ক্ষমতাসহ আঞ্চলিক কার্যালয়, ফরিদপুর এর আঞ্চলিক ব্যবস্থাপকের দায়িত্ব পালন করবেন।

০৩। কর্মসংস্থান ব্যাংক, আঞ্চলিক কার্যালয়, ফরিদপুর-এর আঞ্চলিক ব্যবস্থাপকের ছুটিকালীন আঞ্চলিক কার্যালয়ের সার্বিক কার্যক্রম নিবিড় তদারকির জন্য বিভাগীয় কার্যালয়, ঢাকা এর উপ-মহাব্যবস্থাপক-কে পরামর্শ দেয়া হলো।

অনুমোদনক্রমে-

জনাব মোঃ শহিদুল ইসলাম
আঞ্চলিক ব্যবস্থাপক
(সহকারী মহাব্যবস্থাপক, সাভত নং-০০৩৬)
কর্মসংস্থান ব্যাংক
আঞ্চলিক কার্যালয়, ফরিদপুর



(মাহবুবুর রহমান)
উপ-মহাব্যবস্থাপক

পত্র সূত্র নং:কেবি/প্রকা/কব্যপ্রমাসবি-০৫(ব্য:ন:এজিএম-৩৪)/২০১৭-২০১৮/ ৪২২৪(২)

তারিখ : - ৫ -

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। মহাপরিচালক, বহিঃগমন ও পাসপোর্ট অধিদপ্তর, শেরে বাংলা নগর, ঢাকা ;
- ২। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা ;
- ৩। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা ;
- ৪। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, প্রশাসন মহাবিভাগ, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা ;
- ৫। উপ-মহাব্যবস্থাপক, আইটি বিভাগ, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। তাঁকে এ পত্রটি ব্যাংকের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো;
- ৬। উপ-মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়, কর্মসংস্থান ব্যাংক, ঢাকা;
- ৭। ইমিগ্রেশন অফিসার, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা;
- ৮। জনাব মোঃ শহিদুল ইসলাম (সাভত নং-০০৩৬), আঞ্চলিক ব্যবস্থাপক (সহকারী মহাব্যবস্থাপক)-কে বহি:বাংলাদেশ অর্জিত ছুটি শেষে কর্মস্থলে যোগদানের পর যোগদানপত্র এবং পাসপোর্টের সত্যায়িত ফটোকপি যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে এ বিভাগে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো ;
- ১০। জনাব বিপ্লব মজুমদার (সাভত নং-০২৮৭), সিনিয়র প্রিন্সিপাল অফিসার, কর্মসংস্থান ব্যাংক, ফরিদপুর শাখা, ফরিদপুর;
- ১১। ব্যক্তিগত নথি/এমআইএস।


(কাজী মোঃ হাবিবুর রহমান)
সহকারী মহাব্যবস্থাপক

